গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-২ শাখা
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৪২.৯৯.০০১.১৮- ৬৯০

তারিখ: ৮ আষাঢ় ১৪২৯ / ২২ জুন ২০২২

বিষয়: বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির অফিসসমূহকে পেপারলেস অফিস রূপান্তরকরণের নিমিত্ত প্রস্তুতকৃত খসড়া নির্দেশিকা প্রেরণ।

সূত্র:- বিদ্যুৎ বিভাগের সমন্বয় শাখা-৩ এর স্মারক নং-২৭.০০.০০০০.০৫৩.০৬.০০১.২০-১৯০, তারিখ ০৬ জুন ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের আলোকে বিদ্যুৎ বিভাগের গত ২৪ মে ২০২২ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী পেপার ব্যবহার হ্রাস সংক্রান্ত প্রস্তুতকৃত খসড়া নির্দেশিকাটি নির্দেশক্রমে তাঁর বরাবর প্রেরণ করা হলো।

22/06/2022
(অরুন কুমার মন্ডল)
উপসচিব
ফোন নং-৯৫৬৮০৫৯
admin-2@pd.gov.bd

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

১। চেয়ারম্যান, বিইপিআরসি/স্রেডা/বাপবিবো/বাবিউবো, ঢাকা।
২। প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ২৫ নিউ ইস্কাটন, ঢাকা।
৩। মহা-পরিচালক, পাওয়ার সেল, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি লিঃ/ডেসকো লিঃ/ইজিসিবি লিঃ/পিজিসিবি লিঃ/ওজোপাডিকো লিঃ/ এপিএসসিএল/ আরপিসিএল/নওপাজেকো লিঃ/সিপিজিসিবিএল/বিআইএফপিসিএল/বি-আর পাওয়ারজেন/ নেসকো লিঃ/ ঢাকা, খুলনা, রাজশাহী, বি-বাড়ীয়া।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
২। সহকারী সচিব (সমন্বয়-৩), বিদ্যুৎ বিভাগ।

E-D,Paper Less

# পেপারলেস অফিস

# নির্দেশিকা

## বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বিদ্যুৎ খাতে পেপারলেস অফিস সংক্রান্ত নির্দেশিকা, ২০২১

১। ভূমিকা

সুষ্ঠুভাবে সরকারি দায়িত্ব পালনের জন্য ডিজিটাল পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে বিদ্যুৎ খাতের সংস্থা/কোম্পানি সমূহের কাগজের ব্যবহার ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনার মাধ্যমে একটি টেকসই পেপারলেস অফিস স্থাপনের লক্ষ্যে এই নীতিমালা প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালার মাধ্যমে এ সংক্রান্ত নির্দেশনা অনুসরণপূর্বক নিয়মিত অগ্রগতি তদারকিকরনের মাধ্যমে বিদ্যুৎ খাতের সংস্থা/কোম্পানি সমূহ পেপারলেস অফিস বাস্তবায়নের মাধ্যমে জনসাধারণকে দ্রুত সেবা প্রদানের পাশাপাশি রূপকল্প 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণে যথাযথ ভূমিকা পালন করবে।

১। নির্দেশিকার শিরোনাম:

এই নির্দেশিকা "বিদ্যুৎ খাতে পেপারলেস অফিস সংক্রান্ত নির্দেশিকা, ২০২১" নামে অভিহিত হবে।

২। নির্দেশিকার ভিত্তি:

২.১ অনুমোদনকারী কর্তৃপক্ষ: বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২.২ বাস্তবায়নের তারিখ: বিদ্যুৎ বিভাগ এই নির্দেশিকা অনুমোদনের তারিখ হতে তাৎক্ষণিকভাবে কার্যকর হবে।

২.৩ নির্দেশিকার প্রযোজ্যতা: নির্দেশিকাটি বিদ্যুৎ বিভাগ এবং বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির অধীনস্থ সকল ইউনিটের জন্য প্রযোজ্য হবে।

২.৪ নির্দেশিকার ব্যাখ্যা: এই নির্দেশিকার কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে বিদ্যুৎ বিভাগ তার ব্যাখ্যা প্রদান করবে।

৩। পেপারলেস অফিস স্থাপনে গৃহীত কার্যক্রম মনিটরিং টিমের গঠন: বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিম পেপারলেস অফিস স্থাপনে গৃহীত কার্যক্রম সংক্রান্ত মনিটরিং টিম হিসেবে কাজ করবে।

৪। পেপারলেস অফিস স্থাপনে গৃহীত কার্যক্রম মনিটরিং টিমের কার্যপরিধি:

৪.১ স্ব স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;

৪.২ এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;

৪.৩ কমিটি প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর সভা করবে এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবে;

৪.৪ বিদ্যুৎ বিভাগ দপ্তর/সংস্থা/কোম্পানি জেলা/উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কার্যালয়ের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন।

৬। প্রযোজ্য ছক

দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ নিম্নোক্ত ছকে বর্ণিত বিষয়সমূহের ভিত্তিতে পেপার হ্রাসের লক্ষ্যমাত্রা ও অর্জন নির্ধারণ করবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবে।

ছক-১ **সংস্থার নাম:**

**মাস:**

| কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা | পেপার ব্যবহার (রীম) | বাৎসরিক মাথাপিছু পেপার ব্যবহারের পরিমান | |
|---|---|---|---|
| | | লক্ষ মাত্রা (বাৎসরিক) | অর্জন (মাসভিত্তিক ক্রমপুঞ্জিভূত) |
| | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয় শাখা -৩

A-O
০৮/০৬/২০২২

## বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির সমন্বয়ে মে ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাবিবুর রহমান<br>সচিব |
| সভার তারিখ | ২৪ মে ২০২২ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | বিজয় হল, বিদ্যুৎ ভবন (১৫ তলা, ১ নবাব আব্দুল গণি রোড, ঢাকা) |
| উপস্থিতি | সংযুক্তি 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়-১) গত ২৫ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচিসমূহ সভায় উপস্থাপন করা হয়। সভায় প্রতিটি বিষয় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

### আলোচ্যসূচি- ০২:অফিসসমূহ পেপারলেস অফিসে রূপান্তর কার্যক্রম বাস্তবায়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানির অফিসসমূহ পেপারলেসকরণ সংক্রান্ত আলোচনায় সভাকে অবহিত করা হয় যে, পেপার ব্যবহার হ্রাস সংক্রান্ত খসড়া নির্দেশিকা প্রস্তুতের কাজ সম্পন্নের নিমিত্ত গত ২৩ মে ২০২২ তারিখ এ সংক্রান্তে গঠিত উপ-কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>সভায় গাজীপুর পবিসের ইআরপি পাইলটিং কার্যক্রম জুন ২০২২ মাসের মধ্যে উদ্বোধন এবং সেপ্টেম্বর ২০২২ মাসের মধ্যে ঢাকার আশে পাশের ১১টি পবিসের ইআরপি বাস্তাবায়ন চূড়ান্ত করার ওপর গুরুত্বারোপ করা হয়।<br><br>এছাড়া, ইআরপি সফটওয়্যার রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত বাবিউবোর ২জন প্রকৌশলী আগামী সমন্বয় সভায় ইআরপি সফটওয়্যারের ডাটা সেন্টারের ওপর একটি উপস্থাপনা করবেন মর্মে সভায় আলোচনা হয়।<br>সভাপতি সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে ইআরপি লাইসেন্স দ্রুত সংগ্রহপূর্বক যথাযথভাবে ব্যবহার এবং ইআরপি সফটওয়্যারটি নিয়মিত হালনাগাদ রাখার নির্দেশ প্রদান করেন। | ক. পেপার ব্যবহার হ্রাস সংক্রান্ত প্রস্তুতকৃত খসড়া নির্দেশিকা সকল দপ্তর/সংস্থা/কোম্পানিতে প্রেরণ করতে হবে এবং আগামী সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে। | অতিঃ সচিব (প্রশা:) ও সংশ্লিষ্ট কমিটি |
| | খ. দপ্তর/সংস্থা/কোম্পানিকে অফিসসমূহ পেপারলেস অফিসে রূপান্তরের অগ্রগতি এবং পেপার ব্যবহার সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন প্রতিমাসের ৭ তারিখের মধ্যে সমন্বয়-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| | গ. সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে ইআরপি সফটওয়্যার নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | মহাপরিচালক, পাওয়ার সেল এবং চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| | ঘ. পাওয়ার সেল কর্তৃক দপ্তর/সংস্থা/ কোম্পানির বিপরীতে নির্ধারিত ইআরপি লাইসেন্স অবিলম্বে সংগ্রহপূর্বক যথাযথভাবে ব্যবহার করতে হবে এবং তা সংশ্লিষ্ট বোর্ডকে অবহিত করতে হবে। | মহাপরিচালক, পাওয়ার সেল এবং চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| | ঙ. গাজীপুর পবিসের ইআরপি পাইলটিং কার্যক্রম জুন ২০২২ মাসের মধ্যে উদ্বোধন এবং সেপ্টেম্বর ২০২২ মাসের মধ্যে ঢাকার আশে পাশের ১১টি পবিসের ইআরপি বাস্তাবায়ন চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বাপবিবো এবং মহাপরিচালক, পাওয়ার সেল |
| | চ. ইআরপি সফটওয়্যার রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত বাবিউবোর ২জন প্রকৌশলী আগামী সমন্বয় সভায় ইআরপি সফটওয়্যারের ডাটা সেন্টারের ওপর একটি উপস্থাপনা করবেন। | চেয়ারম্যান, বাবিউবো ও মহাপরিচালক, পাওয়ার সেল |

আলোচ্যসূচি-১৬: কোভিড-১৯ প্রতিরোধ ও প্রতিকার সংক্রান্ত কার্যক্রম

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| কোভিড-১৯ প্রতিরোধ ও প্রতিকার সংক্রান্ত আলোচনায় সভাকে অবহিত করা হয় যে, সকল দপ্তর/সংস্থা/ কোম্পানিতে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। সভাপতি প্রতিষ্ঠান প্রধানগণকে কোভিড-১৯ প্রতিরোধ ও প্রতিকারকল্পে জারীকৃত পত্রে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি ও নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ অব্যাহত রাখার নির্দেশ প্রদান করেন। | কোভিড-১৯ প্রতিরোধ ও প্রতিকারকল্পে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি ও নিয়মাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে। প্রতিষ্ঠান প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন। | অতিরিক্ত সচিব (প্রশা:) ও চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি |

আলোচ্যসূচি-১৭: অফগ্রিড এলাকাসমূহে বিদ্যুতায়ন

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| অফগ্রিড এলাকাসমূহে বিদ্যুতায়ন সংক্রান্ত আলোচনায় সভাকে অবহিত করা হয় যে, বাবিউবোর আওতাধীন নিঝুম দ্বীপে প্রয়োজনীয় বৈদ্যুতিক পোল স্থাপন সম্পন্ন হয়েছে। এছাড়া নিঝুমদ্বীপকে হাতিয়া দ্বীপের সাথে সংযোগের নিমিত্ত উভয় পার্শ্বে ল্যান্ডিং স্টেশনের কাজ সম্পন্নকরতঃ ১১কেভি সাবমেরিন ক্যাবল স্থাপন করা হয়েছে। কুতুবদিয়া দ্বীপে ৩,৮৩৫টি পোল ইতোমধ্যে স্থাপন করা হয়েছে এবং ৩৩কেভি সাবমেরিন ক্যাবল দ্বারা জাতীয় গ্রীডে সংযুক্ত করার কাজ চলমান রয়েছে। | ক. অফগ্রিড এলাকাসমূহে (মনপুরা, হাতিয়া, কুতুবদিয়া, নিঝুম দ্বীপ ইত্যাদি) বিদ্যুতায়নের কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, বাবিউবো, ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো ও মহাপরিচালক, পাওয়ার সেল |
| হাতিয়া দ্বীপে ১টি রেগুলার ও ২টি রুরাল টাইপ ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ এবং ১২,৩০০টি পোল স্থাপন করা হয়েছে। এছাড়া, সভায় ওজোপাডিকোর আওতাধীন মনপুরা দ্বীপে কোন প্রক্রিয়ায় বিদ্যুতায়ন দৃশ্যমান (Visible) হবে, সে বিষয়ে অংশীজনদের সাথে সভা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য যুগ্মসচিব (পরিকল্পনা-২)-কে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>সভাপতি অফগ্রিড এলাকাসমূহে (মনপুরা, হাতিয়া, কুতুবদিয়া, নিঝুম দ্বীপ ইত্যাদি) বিদ্যুতায়নের কাজ অবিলম্বে সম্পন্নের নির্দেশ প্রদান করেন। | খ. মনপুরা দ্বীপে কোন প্রক্রিয়ায় বিদ্যুতায়ন দৃশ্যমান (Visible) হবে, সে বিষয়ে যুগ্মসচিব (পরিকল্পনা-২) বাবিউবো, ওজোপাডিকো, পাওয়ার সেলসহ অন্যান্য অংশীজনদের সাথে সভা করবেন। | যুগ্মসচিব (পরি:-২) |

১। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাবিবুর রহমান
সচিব

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০৫৩.০৬.০০১.২০.১৯১

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯
০৬ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) কর্মকর্তা (সকল), বিদ্যুৎ বিভাগ

২) চেয়ারম্যান/রেক্টর/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক (সকল দপ্তর/সংস্থা/কোম্পানি), বিদ্যুৎ বিভাগ

৩) প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর

৪) মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) একান্ত সচিব, প্রতি-মন্ত্রীর দপ্তর , বিদ্যুৎ বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)